ঝিনাইদহে জুলাই গণঅভ্যুত্থান উপলক্ষে আলোচনা সভা

‘মানবতা, আত্মত্যাগ ও জাতীয় চেতনায় শহীদদের অবদান’ এই শ্লোগানে ঝিনাইদহে জুলাই অভ্যুত্থান দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল হয়েছে।

মঙ্গলবার (৪ আগষ্ট) সকালে ঝিনাইদহ রেড ক্রিসেন্টের সম্মেলন কক্ষে এ আলোচনা সভার আয়োজন করা হয়। সভায় রেড ক্রিসেন্ট সোসাইটির ঝিনাইদহ ইউনিটের সেক্রেটারি আহসান হাবীব’র সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন সোসাইটির চেয়ারম্যান ও জেলা পরিষদের চেয়ারম্যান এ্যাড. এম এ মজিদ। এছাড়াও বক্তব্য রাখেন ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি আসিফ ইকবাল মাখন, সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম লিটন, রেড ক্রিসেন্ট সোসাইটির কার্যনির্বাহি সদস্য মিজানুর রহমান সুজন, জিয়াউল ইসলাম ফিরোজ, নাজিমউদ্দীন জুলিয়াস, তহুরা খাতুন, ইউনিট অফিসার, যুব প্রধান ফয়সাল ইসলাম।

সেসময় বক্তারা, জুলাই গণভ্যুত্থানে শহীদদের আত্মত্যাগ জাতির জন্য এক অনন্য দৃষ্টান্ত স্মরণ করিয়ে তাদের আদর্শ ও ত্যাগের চেতনা নতুন প্রজন্মের মাঝে ছড়িয়ে দিতে সকলের প্রতি আহবান জানান। আলোচনা শেষে শহীদদের আত্মার মাগফিরাত কামনায় বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহে সড়ক দুর্ঘটনায় নিহত-আহতদের পরিবার পেল ১ কোটি ১৯ লাখ টাকার অনুদান

ঝিনাইদহে সড়ক দুর্ঘটনায় নিহত ও আহত ব্যক্তিদের পরিবারের পাশে দাঁড়াতে বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষের (বিআরটিএ) ট্রাস্টি বোর্ডের মঞ্জুরিকৃত ১ কোটি ১৯ লাখ টাকার আর্থিক অনুদানের চেক

বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার (৪ আগষ্ট) দুপুরে ঝিনাইদহ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলা প্রশাসন ও বিআরটিএর আয়োজনে এ চেক বিতরণ করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঝিনাইদহ জেলা প্রশাসক মো.নোমান হোসেন। এসময় সড়ক দুর্ঘটনায় নিহত ১৯ জনের পরিবারের প্রত্যেককে ৫ লাখ টাকা করে মোট ৯৫ লাখ টাকা এবং আহত ১২ জনকে মোট ২৪ লাখ টাকার অনুদান প্রদান করা হয়। সব মিলিয়ে ৩১টি পরিবারের হাতে ১ কোটি ১৯ লাখ টাকার আর্থিক সহায়তার চেক তুলে দেওয়া হয়।

সে সময় অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট নারায়ণ চন্দ্র পাল, বিআরটিএ ঝিনাইদহ সার্কেলের সহকারী পরিচালক দেবাশীষ বিশ্বাস, মোটরযান পরিদর্শক সজীব সরকার ও সোহাগ হোসেন, মেকানিক্যাল অ্যাসিস্ট্যান্ট শাওন রেজাসহ জেলা প্রশাসন ও বিআরটিএর কর্মকর্তা- কর্মচারীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে বিআরটিএ ঝিনাইদহ সার্কেলের সহকারী পরিচালক দেবাশীষ বিশ্বাস বলেন, সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর সহায়তায় বিআরটিএ ট্রাস্টি বোর্ড নিয়মিত আর্থিক অনুদান দান করে আসছে। নির্ধারিত প্রক্রিয়ায় আবেদনকারী যোগ্য ব্যক্তিদের আবেদন যাচাই-বাছাই শেষে এ অনুদান দেওয়া হয়।

সভাপতির বক্তব্যে জেলা প্রশাসক মো. নোমান হোসেন বলেন,সড়ক দুর্ঘটনায় একটি পরিবারের যে অপূরণীয় ক্ষতি হয়,তা কোনো অর্থের বিনিময়ে পূরণ করা সম্ভব নয়। তবে সরকারের এই আর্থিক সহায়তা ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর দুর্দিনে পাশে থাকার একটি আন্তরিক প্রয়াস। তিনি নিরাপদ সড়ক নিশ্চিত করতে সড়ক আইন মেনে চলা,যানবাহন চালানোর সময় সর্বোচ্চ সতর্কতা অবলম্বন এবং সবাইকে দায়িত্বশীল আচরণ করার আহ্বান জানান।

তিনি আরও বলেন,চালক,যাত্রী ও পথচারীসহ সড়ক ব্যবস্থার সঙ্গে সংশ্লিষ্ট প্রত্যেকের সচেতনতা ও দায়িত্বশীলতা বাড়লে দুর্ঘটনার সংখ্যা উল্লেখযোগ্যভাবে কমিয়ে আনা সম্ভব হবে।

ঝিনাইদহে ডুসাজ এর পক্ষ থেকে রাশেদ খাঁনকে ফুলেল শুভেচ্ছা

প্রধানমন্ত্রীর সহকারী (রাজনৈতিক, সচিব পদমর্যাদা) মোঃ রাশেদ খাঁনকে ফুলেল শুভেচ্ছা প্রদান করেছেন ঝিনাইদহস্থ ঢাকা বিশ্ববিদ্যালয় এক্স স্টুডেন্ট এসোসিয়েশন (ডুসাজ)।

গতকাল বৃহস্পতিবার রাত ৯টায় ঝিনাইদহ সার্কিট হাউজে রাশেদ খান পৌছালে তাকে এই শুভেচ্ছা প্রদান ও মতবিনিময় করেন।

শুভেচ্ছা প্রদান অনুষ্ঠানে রাশেদ খানের সাথে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা পরিষদ প্রশাসক ও জেলা বিএনপির সভাপতি অ্যাড. আব্দুল মজিদ। ডুসাজ এর পক্ষে শুভেচ্ছা বিনিময় করেন ঢাকা বিশ্ববিদ্যালয় এক্স স্টুডেন্ট এসোসিয়েশন (ডুসাজ)’র সেক্রেটারি সাবেক ঢাবিয়ান ও জেলা শিশু বিষয়ক কর্মকর্তা (অব:) মো: আয়ুব হোসেন রানা, সহ-সাধারণ সম্পাদক মো: মাসুদুল আলম, সোনালি ব্যাংকের সিনিয়র প্রিন্সিপাল অফিসার (এক্স ঢাবিয়ান) মো: নাজমুল হক, সহযোগী অধ্যাপক মো: খুরশিদ, ডুসাজের সাংগঠনিক সম্পাদক উপজেলা সমাজসেবা অফিসার আব্দুল হাই সিদ্দিক, নির্বাহী কমিটির সদস্য প্রভাষক মো: আখতার মুকুলসহ অন্যান্যরা।

ঝিনাইদহের পরিবেশের ভারসাম্য রক্ষায় গাছের চারা বিতরণ

পরিবেশের ভারসাম্য রক্ষায় ঝিনাইদহে শিক্ষার্থী ও অভিভাবকদের মাঝে গাছের চারা বিতরণ করা হয়েছে। বৃহস্পতিবার (৩০ জুলাই) সকালে শহরের ল্যাবরেটরি স্কুলে বিদ্যালয়ের পক্ষ থেকে এ গাছের চারা বিতরণ করা হয়।

সেসময় বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশন জেলা শাখার সভাপতি শাহিনুর আলম লিটন, সাধারণ সম্পাক বজলু রহমান, বিদ্যালয়ের পরিচালক

ইসাহাক আলী, প্রধান শিক্ষক লিজা ফেরদৌস, সামাজিক ঐক্যজোট ঝিনাইদহ প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক গাউস গোর্কি, ঝিনাইদহ পাবলিক স্কুল এন্ড কলেজের প্রতিষ্ঠাতা পরিচালক হাফিজুর রহমান, পদ্মা সমাজ কল্যাণ সংস্থার নির্বাহী পরিচালক হাবিবুর রহমান,গাছ প্রেমিক দিপু, হেব্বী গ্রুপের নির্বাহী পরিচালক জাহান লিমন ও বাবুল খাঁনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।
অনুষ্ঠানে বিদ্যালয়ের শিক্ষার্থী ও অভিভাবকদের মাঝে দেড় শতাধিক ফলদ, বনজ গাছের চারা বিতরণ করা হয়।

শিশুদের গাছের প্রতি ভালোবাসা সৃষ্টি ও পরিবেশ সংরক্ষণে উদ্বুদ্ধ করতেই এ কর্মসূচির আয়োজন করা হয়েছে বলে জানায় আয়োজকরা।

এনসিপি যদি রাজনীতির পরিবেশ নষ্ট করে তাহলে তার উত্তম জবাব দেওয়ার জন্য আমরা প্রস্তুত আছি

এনসিপি যদি রাজনীতির পরিবেশ যদি নষ্ট করে তাহলে তার উত্তম জবাব দেওয়ার জন্য আমরা প্রস্তুত আছি। এছাড়া জামায়াত ও এনসিপির সকল ষড়যন্ত্রের দাতভাঙ্গা জবাব দেওয়ার হুশিয়ারি দেন রাশেদ খাঁন।

প্রধানমন্ত্রীর রাজনৈতিক সহকারী রাশেদ খাঁন বলেন, এনসিপি বাংলাদেশে নতুন রাজনীতি বন্দোবস্ত’র নামে ভন্ডের বন্দোবস্ত কায়েম করছে।

বৃহস্পতিবার (৩০ জুলাই) দুপুরে ঝিনাইদহ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলার সরকারি কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভা শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এসবকথা বলেন।

এছাড়াও তিনি বলেন, এনসিপি জামায়াতের মস্তিষ্ক দ্বারা পরিচালিত হচ্ছে। জামায়াত একটি চালাক ও ধুরন্ধর রাজনৈতিক দল। তারা নিজেরা বিএনপির স্থানীয় নেতৃবৃন্দের সাথে সম্পর্ক ভালো রাখছে। সংসদ

চলাকালে প্রধানমন্ত্রীকে নিয়ে প্রশংসা করে বক্তব্য দেয়। কিন্তু তারা মাঠে গিয়ে দেখি তারা গণঅভ্যুত্থানের হুমকি দেয়। আবার তারাই এনসিপির নেতৃবৃন্দকে দিয়ে বিএনপির নেতৃবৃন্দের বিরুদ্ধে গালিগালাজ করে।

এর আগে জেলা পরিষদের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় জেলা পরিষদের প্রশাসক এ্যাড. এম এ মজিদ, জেলা প্রশাসক নোমান হোসেনসহ সরকারী কর্মকর্তারা বক্তব্য রাখেন। আলোচনা সভায় জেলার নানা উন্নয়ন, সম্ভাবনা, সমস্যা ও তা সমাধানে পরামর্শ গ্রহণ করেন রাশেদ খাঁন এবং তা সমাধানের ব্যাপারে আশ্বস্ত করেন।

ঝিনাইদহে ম্যানেজিং কমিটিকে ম্যানেজ করে ১৫ বছর রয়েছে বহাল

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার ঘোড়াগাছা লাল মোহাম্মদ মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক গুলশান আরা জাল সনদে শিক্ষক নিয়োগ নিয়েছেন।

ধরা পড়ার পরেও কমিটিকে ম্যানেজ করে ১৫ বছর রয়েছেন বহাল তবিয়তে। স্কুলের নথি থেকে জানা যায়, তিনি ২০১১ সালে জাল সনদে নিয়োগের মাধ্যমে এমপিওভূক্ত হন, যার ইনডেক্স নম্বর-১০৬৯৬২১।

পরবর্তিতে এই শিক্ষকের শিক্ষক নিবন্ধন সনদ জাল সনাক্ত হলে বেতন উত্তোলন বন্ধ রাখার নির্দেশ দেন প্রধান শিক্ষক। কিন্তু এই নিয়োগ এবং ইনডেক্◌্র নম্বর বহাল রেখে ০১/০৭/২০১৬ তারিখ হতে ৩০/০৬/২০২৬ পর্যন্ত ১০ বছরে সরকারি বেতন ভাতার লাখ লাখ টাকা উত্তোলন করেছেন এই শিক্ষক।

সংশ্লিষ্ট সূত্রে জানাগেছে,ঘোড়াগাছা লাল মোহাম্মদ মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের জন্য বিগত ১৯/০৬/২০১১ তারিখে দৈনিক আজকালের খবর ও দৈনিক গ্রামের কাগজ পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি দেয়া হয়।

বিজ্ঞপ্তি প্রকাশের পর মোছাঃ গুলশান আরা খাতুন প্রার্থী হিসেবে সমাজবিজ্ঞান বিষয়ে সহকারীশিক্ষক (শাখা) হিসেবে আবেদন করেন।

তার আবেদনের প্রেক্ষিতে ১৯/৭/২০১১ তারিখের নিয়োগ বোর্ডের সিদ্ধান্তক্রমে ম্যানেজিং কমিটি তাকে ২০/৭/২০১১ তারিখে নিয়োগপত্র দেন যার স্বারক নং-শিঃ নিঃ ১১/৩/৪৫/২ এবং এই স্মারকের আলোকে তিনি ২৩-৭-২০১১ তারিখে শিক্ষা প্রতিষ্ঠানে যোগদান করেন।

এরপর তার আবেদনের প্রেক্ষিতে ০১/১১/২০১২ তারিখে এমপিও ভুক্ত করণ করা হয়। যার ইনডেক্স নং- ১০৬৯৬২১, সোনালী ব্যাংক, হরিনাকুন্ডু শাখার হিসাব নং- ০০২০৯৪২৪৭।

এমপিও ভুক্ত হওয়ার পর তৎকালিন জেলা শিক্ষা অফিসার এস,এম ছায়েদুর রহমান মোছাঃ গুলশান আরা’র নিয়োগের কাগজপত্র যাচাই কালে এনটিআরসিএ সনদ জাল ধরা পড়ে।

যার রোল নং-১২০৪০৫৯০, নিবন্ধন নং-০৫১০৯৭৬৭,তারিখ- ১৪/১২/২০০৬। জাল সনদ ধরা পড়ার পর অভিযুক্ত শিক্ষকের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করে অদৃশ্য কারণে ঘটনা ধামাচাপা দেওয়ার চেষ্টা করেণ ম্যানেজিং কমিটি।

এরপর গুলশান আরার এনটিআরসিএ সনদ জাল প্রমানিত হওয়ার খবর ছড়িয়ে পড়লে ম্যানেজিং কমিটির সভাপতি ১০/১২/২০১৩ তারিখে মিটিংয়ের সিদ্ধান্ত অনুযায়ী তার উত্তোলনকৃত বেতনের টাকা সরকারী কোষাগারে ফেরৎ দেয়ার নির্দেশ দেয়।

সে মোতাবেক গুলশান আরা দোষ স্বীকার করে উত্তোলনকৃত টাকা গত ১২-১২-২০১৩ তারিখে ট্রেজারী চালানের মাধ্যমে সোনালী ব্যাংক হরিণাকুণ্ডু শাখায় ১২৫৩১০০০০২৬৭৯ নং কোডে ৩২,১৪০/- টাকা জমা দেয়।

জালিয়াতি ধরা পড়ার পরেও তৎকালিন ম্যানেজিং কমিটির সভাপতি আক্তারুজ্জামান ও প্রধান শিক্ষক নজির উদ্দিন ঘুষ লেনদেনের মাধ্যমে তার অবৈধ নিয়োগপত্র এবং এমপিও বাতিল না করে ১১/১২/২০১৩ইং তারিখে মিটিং করে রেজুলেশনের মাধ্যমে তাঁর জাল সনদের নিয়োগ বহাল রাখেন।

অভিযুক্ত গুলশান আরা ২০/১২/২০১৫ তারিখে বৈধ এনটিআরসিএ সনদ অর্জন করেন। এরপর ম্যানেজিং কমিটির সভাপতি মশিউর রহমান জোয়ারদার ও

প্রধান শিক্ষক আবুল কাসেম তার জাল সনদে অবৈধ নিয়োগের ইনডেক্স ব্যবহার করে পুণরায় ০১/০৭/২০১৬ তারিখে কোন নিয়োগ বিজ্ঞপ্তি ছাড়াই তার নিয়োগ স্থায়ী করেন । যা শিক্ষক নিয়োগ নীতিমালার পরিপন্থী।

উল্লেখ্য, শিক্ষক নিয়োগ নীতিমালায় এনটিআরসিএ জাল সনদ ধরা পড়ার পর ম্যানেজিং কমিটি বা গভর্নিং বডি কোনো ভাবেই ওই শিক্ষককে স্থায়ী নিয়োগ দিতে পারে না। জাল সনদের বিষয়টি প্রমাণিত হলে তা ফৌজদারি অপরাধ হিসেবে গণ্য হয় এবং চাকরি থেকে তাৎক্ষণিক বরখাস্ত ও উত্তোলিত বেতন-ভাতাদি ফেরত ও এমপিও বাতিল করার নিয়ম রয়েছে।

আইন অনুযায়ী ম্যানেজিং কমিটি ওই শিক্ষককে রেজুলশেনের মাধ্যমে নিয়োগ বহাল রাখা এবং সনদ অর্জণ করতে দেওয়ার কোন সুযোগ নেই। বরং জাল সনদধারী শিক্ষক এবং তাকে নিয়োগে বা সহায়তা প্রদানকারী ম্যানেজিং কমিটির সংশ্লিষ্ট সদস্যদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়ার বিধান রয়েছে।”

অভিযুক্ত শিক্ষক গুলশান আরার কাছে জাল সনদে নিয়োগের ব্যাপারে জানতে চাইলে তিনি জানান, নিয়োগের সময় তার দাখিলকৃত এনটিআরসিএ সনদ জাল ছিল। তবে ২০১৫ সালে বৈধভাবে এনটিআরসিএ সনদ অর্জন করার পর ০১/০৭/২০১৬ তারিখে ম্যানেজিং কমিটি রেজুলেশনের মাধ্যমে ১১/১২/২০১১ তারিখে দেয়া অস্থায়ী নিয়োগ পুনরায় বহাল করেন।

এ ব্যাপারে স্কুলের প্রধান শিক্ষক মোছাঃ শিল্পী খাতুন জানান,আমি সম্প্রতি যোগদান করেছি। ততকালীন ম্যানেজিং কমিটি তাকে কি ভাবে নিয়োগ দিয়েছে আমি জানিনা।

হরিণাকুন্ডু উপজেলা নির্বাহী কর্মকর্তা প্রদীপ্ত রায় দীপন জানান, শিক্ষক নিয়োগে অনিয়মের প্রমান পেলে অভিযুক্ত শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা নিতে শিক্ষা মন্ত্রালয়ে চিঠি লিখবো।

জেলা শিক্ষা অফিসার মোঃ লুৎফর রহমান বলেন, যেহেতু নিয়োগটা ২০১১ সালের। আজ থেকে প্রায় ১৫ বছর আগে, এইটার যথাযথ অভিযোগ পাওয়া গেলে তদন্ত সাপেক্ষে ব্যবস্থা নেওয়া হবে।

এব্যপারে সূধীজনদের ধারণা এই ভুক্তভোগী শিক্ষককে আইনের আওতায় আনলে এই এনটিআরসিএ’র জাল সনদ সরবরাহকারী চক্রের সনাক্ত করা সম্ভব হবে।

[redacted]

[redacted]

[redacted]

[

এছাড়া সভায় নেটওয়ার্ক সদস্যগণ চলমান কার্যক্রম ও ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করে।

ঝিনাইদহে মহাসড়কে ভ্রাম্যমাণ আদালত; ২০ যানবাহনকে জরিমানা

সড়কে শৃঙ্খলা ফিরিয়ে আনা, দুর্ঘটনা হ্রাস এবং শব্দদূষণ নিয়ন্ত্রণে ঝিনাইদহে মহাসড়কে ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালনা করা হয়েছে। অভিযানে বিভিন্ন অনিয়মের দায়ে ২০টি যানবাহনের বিরুদ্ধে মামলা দিয়ে মোট ৮ হাজার ৪ টাকা জরিমানা আদায় করা হয়েছে।

সোমবার বিকেলে ঝিনাইদহ সদর উপজেলার মধুপুর এলাকার ঝিনাইদহ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজের সামনে জেলা প্রশাসন ও বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) যৌথভাবে এ অভিযান পরিচালনা করে।

অভিযানে নেতৃত্ব দেন জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আল-আমিন। এ সময় বিআরটিএ’র মোটরযান পরিদর্শক সোহাগ হোসাইন, বেঞ্চ সহকারী হারুন-অর রশিদ এবং পুলিশ সদস্যরা উপস্থিত ছিলেন।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা যায়, প্রয়োজনীয় কাগজপত্র ছাড়া যানবাহন পরিচালনা, ফিটনেসবিহীন যানবাহন সড়কে চলাচল এবং বিকট শব্দের হাইড্রলিক হর্ন ব্যবহারের অভিযোগে ২০টি যানবাহনের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়। এসব অপরাধে মোট ৮ হাজার ৪ টাকা অর্থদণ্ড করা হয়। একই সঙ্গে কয়েকটি অবৈধ হাইড্রলিক হর্ন খুলে জব্দ করা হয়েছে।

নির্বাহী ম্যাজিস্ট্রেট আল-আমিন জানান, নিরাপদ সড়ক নিশ্চিত করতে এবং জনদুর্ভোগ কমাতে এ ধরনের অভিযান নিয়মিত পরিচালনা করা হবে।

ঝিনাইদহে পালিত হলো বিশ্ব পানিতে ডুবে মৃত্যু প্রতিরোধ দিবস

ঝিনাইদহে প্রথমবারের মতো পালিত হয়েছে ‘বিশ্ব পানিতে ডুবে মৃত্যু প্রতিরোধ দিবস’। শনিবার (২৫ জুলাই) সকালে এই উপলেক্ষ্যে শহরের ফ্যামিলি জোন অডিটোরিয়ামে সচেতনতামূলক আলোচনা সভা ও সাঁতারুদের মাঝে সার্টিফিকেট বিতরনের আয়োজন করা হয়।

এবিএম (অইগ) ও বিন (ইওঘ) ফাউন্ডেশনের সহযোগিতায় ঝিনাইদহ সেফ সুইমিং একাডেমি এই কর্মসূচীর আয়োজন করে। বৈশ্বিক সংকটের গুরুত্ব বিবেচনা করে জাতিসংঘ ২০২১ সালে প্রথম ২৫ জুলাইকে বিশ্ব পানিতে ডুবে মৃত্যু প্রতিরোধ দিবস হিসেবে ঘোষণা করে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সভাপতি মোঃ আব্দুল মজিদ।

সেফ সুইমিং একাডেমির পরিচালক মাহাফুজুর রহমান বিপ্লব’র সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি জেলা বিএনপি সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাস, ঝিনাইদহ ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার লিয়াকত আলী, এইড’র প্রতিষ্ঠাতা তরিকুল ইসলাম পলাশ, অভিভাবক শাহিনুর রহমান লিটনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

ইউনিসেফের এক প্রতিবেদনে দেখা যায়, দেশে প্রতিবছর ২২ হাজার মানুষ পানিতে ডুবে প্রাণ হারায় এবং এর মধ্যে ১৮ হাজারই শিশু ও কিশোর বলে জানা যায়।

এজন্য বক্তারা শিশুকাল থেকেই সাঁতার শেখানো এবং অভিভাবকদের সচেতনতা বৃদ্ধির মাধ্যমে এ দুর্ঘটনা প্রতিরোধে এগিয়ে আসার আহ্বান জানান। সেই সাথে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে সাঁতার শিক্ষার ব্যবস্থা চালু এবং নিরাপদ জলাশয় ব্যবহারে জনসচেতনতা বাড়ানোর ওপর গুরুত্বারোপ করেন।

[redacted]

[redacted]

অনুপ্রবেশের যেকোনো অপচেষ্টা বিজিবি কঠোরভাবে প্রতিহত করবে।